

কোনো দেশের উন্নতির জন্য প্রয়োজন স্থিতিশীলতা : মাহাথির

■ অর্থনীতি প্রতিবেদক

যে কোনো দেশের উন্নতির জন্য স্থিতিশীল পরিস্থিতির প্রয়োজন বলে মনে করেন আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ।

গতকাল শনিবার ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) সমাবর্তনে যোগদানের পর রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিমত ব্যক্ত করেন তিনি।

মাহাথির মোহাম্মদ বলেন, 'কোনো দেশের উন্নতির জন্য স্থিতিশীল পরিস্থিতির প্রয়োজন। রাজপথে বিক্ষোভের মাধ্যমে কোনো দেশ উন্নতি করতে পারে না।'

এ প্রসঙ্গে তিনি আরো বলেন, 'রাজপথে বিক্ষোভ করে কোনো সরকারকে সরানো হলে যারা ক্ষমতায় যাবে তাদের ক্ষেত্রেও একই পরিণতি হবে।'

কোনো নির্বাচনেই সব পক্ষ জয়ী হয় না- এ কথা উল্লেখ করে মাহাথির বলেন, 'যে কোনো নির্বাচনেই একপক্ষ জয়ী হয় এবং আরেকপক্ষ পরাজিত হয়। যারা নির্বাচনে পরাজিত হয় তাদের ধৈর্য ধরতে হবে। পরবর্তী নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে হবে।'

এর আগে মাহাথির মোহাম্মদ ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি আবদুল হামিদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে মাহাথির মোহাম্মদ বলেন, 'মুসলিম উম্মাহকে তার আত্মরক্ষার জন্য জ্ঞান ও বিজ্ঞানে উন্নতি করতে হবে। তাহলেই কাক্ষিত উন্নতি করা যাবে।'

দুদিনের বেসরকারি সফরে গতকাল শনিবার সকালে ঢাকায় আসেন মাহাথির মোহাম্মদ।

সমাবর্তন অনুষ্ঠানে যোগদানের পর অপরাহ্নে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করার কথা রয়েছে তার। তারপর মাহাথিরকে নৈশভোজে আপ্যায়ন করবেন শেখ হাসিনা। আজ রোববার ঢাকা ত্যাগ করবেন তিনি।

First page



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস ইউনিভার্সিটির সমাবর্তনে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদকে ফ্রেস্ট উপহার দেন -পিআইডি